# Times Today BD

তৌহিদুল ইসলাম | চট্টগ্রাম | 23 April, 2025

সিলেটের জকিগঞ্জ উপজেলার একই গ্রামের ৬ জনকে কক্সবাজারের টেকনাফে অপহরণের ঘটনায় 'মোহাম্মদ শফিউল্লাহ' নামের এক অপহরণচক্রের হোতাকে খুঁজছে পুলিশ মঙ্গলবার রাতে টেকনাফ সদর ইউনিয়নের রাজার ছড়া বনবিট পূর্ব পাশে গহীন পাহাড় থেকে সিলেটের এই ৬ জনকে উদ্ধার করেছে পুলিশ।

উদ্ধারের পর অপহৃতদের মধ্যে রশিদ আহমদ নামের একজন বাদি হয়ে টেকনাফ থানায় একটি অপহরণ মামলা রুজু করেছেন।আর ওই মামলায় প্রধান আসামি করা হয়েছে মোহাম্মদ শফিউল্লাহ নামের একজনকে। তবে মামলার এজাহারে এই শফিউল্লাহর বিস্তারিত কোন পরিচয় উল্লেখ করা হয়নি।

টেকনাফ মডেল থানার ওসি- তদন্ত হিমেল রায় এসব তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, অপহরণকারীরা এই ৬ জনকে সাগরপথে ইন্দোনেশিয়া পাচারের জন্য গহীন পাহাড়ে আটকে রেখেছিলেন।পরে পুলিশ সাঁড়াশি অভিযানের মাধ্যমে ছয়জনকে উদ্ধার করতে সক্ষম হয়।উদ্ধার করা ছয়জনকে আদালতে পাঠানো হবে।বিজ্ঞবিচারকের সামনে ৬৪ ধারায় জবানবন্দী প্রদান করবেন।এরপর আদালতের নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

গত ১৫ এপ্রিল বিকেলে  জকিগঞ্জ উপজেলার খলাছড়া ইউনিয়নের পশ্চিম লোহারমহল গ্রামের ৬জন কাজের খোঁজে কক্সবাজারের উদ্দেশ্যে রওয়ানা দেন। ১৬ এপ্রিল কক্সবাজার পৌঁছার পর পরিবারের লোকজনের সঙ্গে যোগাযোগ করেছেন। কিন্তু এরপর থেকে তাদের

মোবাইল বন্ধ পাওয়া যাচ্ছে।

এরা হলেন, মো. লুকুছ আলীর ছেলে রশিদ আহমদ (২০), ফারুক আহমদের ছেলে মারুফ আহমদ (১৮), আজির উদ্দিনের ছেলে শাহিন আহমদ (২১), আব্দুল মান্নানের ছেলে এমাদ উদ্দিন (২২), সুফর উদ্দিনের ছেলে খালেদ হাসান (১৯) ও মৃত ছবর আলীর ছেলে আব্দুল জলিল (৫৫)।তারা সকলেই সিলেট জেলার জকিগঞ্জ উপজেলার ঈদগাঁও বাজার এলাকার বাসিন্দা।

মঙ্গলবার সন্ধ্যায় বাহাউদ্দিন অপহৃত অপর তিনজনের স্বজনদের সাথে নিয়ে টেকনাফ থানায় অজ্ঞাত আসামীদের বিরুদ্ধে একটি অপহরনের অভিযোগ দায়ের করেন।এর পর পুলিশের একটি টিম এনিয়ে কাজ শুরু করে এদের উদ্ধার করা হয়।

ওসি- তদন্ত হিমেল রায় জানিয়েছেন, এজাহারে থাকা মোহাম্মদ শফিউল্লাহর বিস্তারিত কিছু না থাকলেও একে ধরতে পুলিশ চেষ্টা করছে।মুলত এই ৬ জন একজনের নাম জানেন।

কক্সবাজার জেলা পুলিশ ও ভুক্তভোগী ব্যক্তিদের তথ্য বলছে, এনিয়ে গত ১৫ মাসে টেকনাফের বিভিন্ন এলাকা থেকে ২৫১ জন এবং উখিয়া থেকে ৮৮ জনকে অপহরণের ঘটনা ঘটেছে।যার মধ্যে বেশিভাগ মুক্তিপণ দিয়ে ফিরলেও হত্যা করা হয়েছে ৩ জনকে।

অপহরণ পুলিশ

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/public/chittagong/7758071328